# এক নজরে

# বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট

# সদর দপ্তর – মৌলভীবাজার

## পটভূমি:

পরিবেশ ও বন মন্ত্রনালয়ের প্রজ্ঞাপন নং- পবম/শা-২/বন (প্রা:স:)-২২/৯৮ (৬)/২৯৬ তারিখ- ২৪/০৬/২০০১ ইং অনুযায়ী বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট (সদর দপ্তর- মৌলভীবাজার) এর কার্যক্রম শুরু করা হয়। পরবর্তীতে উক্ত প্রজ্ঞাপনের এপেনডিক্স-II এ প্রদর্শিত বন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী এবং গত ২৭/০৭/২০০৬ ইং তারিখে বন ভবনে অনুষ্ঠিত সিলেট বন বিভাগের নিয়ন্ত্রাধীন রক্ষিত এলাকা সমূহ বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেটের নিকট হস্তান্তর সম্পর্কিত সভার সিদ্ধান্ত অনুযায়ী সিলেট বন বিভাগের মৌলভীবাজার রেঞ্জ (সাতগাঁও বিট ব্যতীত) এবং সাতছড়ি রেঞ্জের সংরক্ষিত বনভূমি, বনাঞ্চল অত্র বন বিভাগের নিকট হস্তান্তর করা হয়।